গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
www.hcu.gov.bd

**হাইড্রোকার্বন ইউনিট এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর [২.৩] নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনের (Stakeholders) সমন্বয়ে আয়োজিত অবহিতকরণ সভার কার্যবিবরনী।**

| | |
|---|---|
| সভাপতি | আবুল খায়ের মোঃ আমিনুর রহমান<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৪ সেপ্টেম্বর, ২০২২ |
| সভার সময় | দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন (জুম প্ল্যাটফর্ম) |
| উপস্থিতি | রেকর্ডেড |

২.১। হাইড্রোকার্বন ইউনিট এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর [২.৩] নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অবহিতকরণের লক্ষ্যে অংশীজনের (Stakeholders) সভায় সভাপতি ও হাইড্রোকার্বন ইউনিটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আবুল খায়ের মোঃ আমিনুর রহমান ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানান।

সভাপতির অনুমতিক্রমে হাইড্রোকার্বন ইউনিটের সহকারী পরিচালক (অপারেশন) ও জিআরএস ফোকাল পয়েন্ট সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরন সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া তিনি আরো বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতিটি সূচক হালনাগাদপূর্বক যথাসময়ে হাইড্রোকার্বন ইউনিটের প্রতিটি কার্যক্রম যথানিয়মে সম্পাদিত হচ্ছে।

২.২। সভাপতি বলেন, বাংলাদেশ সরকার সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠার জন্য সরকারি সকল দপ্তরে ৫টি টুল যথাক্রমে শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সুনির্দিষ্ট কিছু সূচকের ভিত্তিতে কার্যক্রম নির্ধারণ করে বাস্তবায়ন করছে। হাইড্রোকার্বন ইউনিটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর [২.৩] সূচকে পরিবীক্ষণ ও সক্ষমতা উন্নয়নের নিমিত্তে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের একটি লক্ষ্যমাত্রা দেয়া আছে। উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী আজকের এই ষ্টেকহোল্ডার মিটিং আয়োজন করা হয়েছে।অতঃপর সভাপতি সকল দপ্তর সংস্থার তথ্যবাতায়নে বিদ্যমান জিআরএস সফটওয়্যার ব্যবহারের নিয়মাবলী সকলের সামনে উপস্থাপন করেন।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা) জনাব মোল্লা মিজানুর রহমান বলেন, সভাপতি মহোদয়ের উপস্থাপিত জিআরএস সফটওয়্যার ব্যবহারের নিয়মাবলী ছিল অত্যন্ত সহজ, সরল ও প্রাঞ্জল। তিনি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের চাহিদা মোতাবেক ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল সূচক যথাসময়ে সকল

দপ্তর সংস্থা কর্তৃক সম্পাদনের জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি আরো বলেন যে, এ ধরনের অংশীজনের সভায় সাংবাদিকবৃন্দ উপস্থিত থাকলে সভাকে আরো প্রাণবন্ত করে তোলে।

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশনের (পেট্রোবাংলা) এর প্রতিনিধি জানান, গ্যাস কানেকশন সংক্রান্ত যে সব অভিযোগগুলো আসে, সেই সব অভিযোগগুলো যে প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সে সব প্রতিষ্ঠান বরাবর অভিযোগগুলো পাঠানো হয়। তিনি আরও জানান যে, প্রতিষ্ঠানগুলো যথাসময়ে অভিযোগ নিষ্পত্তি করে পেট্রোবাংলারকে রিপোর্ট প্রদান করে। সর্বশেষ হাইড্রোকার্বন ইউনিট সম্পর্কে তাদের কোনো অভিযোগ নেই বলে অভিমত ব্যক্ত করেন। সভাপতির জিআরএস সফটওয়্যার ব্যবহারের নিয়মাবলীর উপর উপস্থাপনার ভূয়সী প্রশংসা করেন।

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর প্রতিনিধি জানান, তাদের প্রতিষ্ঠানে কোনো অভিযোগ আসলে তাৎক্ষনিক আমলে নিয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হয়। এছাড়া হাইড্রোকার্বন ইউনিট সম্পর্কে তাদের কোনো অভিযোগ নেই বলে অভিব্যক্ত করেন।

বাংলাদেশ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর এর প্রতিনিধি জানান, যে তাদের প্রতিষ্ঠানে যে সকল অভিযোগ আসে তা সাধারনত কোয়ারি ও ইজারা সংক্রান্ত যা তাৎক্ষনিক আমলে নিয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হয়। এছাড়া প্রয়োজনীয় প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করা হয় মর্মে তিনি বক্তব্য প্রদান করেন।

**৩.০। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

৩.১। জিআরএস বিষয়ক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পরবর্তী ত্রৈমাসিকে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণের আয়োজন করতে হবে।
৩.২। জিআরএস সফটওয়্যার নিয়মিত মনিটর করতে হবে এবং কোন অভিযোগ আসলে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.৩। পরবর্তী অংশীজনের সভায় সাংবাদিকবৃন্দের উপস্থতি নিশ্চিত করতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

আবুল খায়ের মোঃ আমিনুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
হাইড্রোকার্বন ইউনিট
ফোন (অফিস): +০২-৮৩৯১০৭৫
ই-মেইল: hcu@hcu.org.bd

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.২৭.০০১.২১.

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯
২৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [মহোদয়ের সদয় অবগতির জন্য]
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]

৩) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
৪) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
৫) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
৬) মহাপরিচালক , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
৭) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
৯) সভাপতি (ভূতত্ত্ব বিভাগ), ঢাকা বিশ্ববিদ্যালয়
১০) সভাপতি, ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়
১১) সভাপতি, ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
১২) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
১৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
১৪) ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
১৫) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
১৬) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
১৭) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
১৮) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
১৯) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
২০) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
২১) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
২২) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
২৩) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
২৪) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
২৫) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
২৬) ম্যানেজিং ডাইরেক্টর , ইস্টার্ন রিফাইনারী লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]
২৭) ম্যানেজিং ডাইরেক্টর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি

আকর্ষন]

২৮) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]

২৯) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, এলপি গ্যাস লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]

৩০) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড [জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন]

৩১) প্রধান সম্পাদক, দৈনিক ইত্তেফাক

৩২) নির্বাহী পরিচালক, একাত্তর টিভি

৩৩) নির্বাহী পরিচালক, চ্যানেল আই

৩৪) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।